২০২৪

দ্বিতীয় সেমেস্টার

# বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলাভাষা - ১)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) উচ্চারণস্থান ও উচ্চারণ প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনবর্ণের বর্গীকরণ করো। ১৫

*অথবা,*

(খ) বাংলা শব্দভাণ্ডারকে প্রধান কয়টি ভাগে ভাগ করা যায়? ভাগগুলির নাম লেখো। তৎসম, অর্ধতৎসম এবং তদ্ভব শব্দগুলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১+২+১২

২। (ক) নিম্নলিখিত ***যে-কোনো তিনটি*** বিষয় সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো— ৫+৫+৫

স্বরাগম, অপিনিহিতি, বিপর্যাস, সমীভবন, মহাপ্রাণীভবন।

*অথবা,*

(খ) উপভাষা কাকে বলে? বাংলার কয়টি উপভাষা আছে? উদাহরণসহ রাঢ়ী উপভাষার চারটি ধ্বনিতাত্ত্বিক ও চারটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো। ২+১+১২

৩। (ক) বাংলা ব্যাকরণে কয়প্রকার লিঙ্গ আছে? প্রকারভেদগুলির নাম লেখো। উদাহরণসহ যে-কোনো দুইটি প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো। ২+৩+১০

*অথবা,*

(খ) ক্রিয়ার কাল কাকে বলে? ক্রিয়ার কাল কয়প্রকার? অতীতকালের ভাগগুলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ২+১+১২

৪। (ক) অক্ষর কাকে বলে? অক্ষর গঠনের মূল নিয়ম সম্পর্কে লেখো। ২+৩

*অথবা,*

(খ) বাংলা শব্দভাণ্ডারের নবগঠিত শব্দ সম্পর্কে আলোচনা করো। ৫

৫। (ক) নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবন প্রক্রিয়া উদাহরণসহ আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বঙ্গালি উপভাষা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

৬। ***যে-কোনো একটি*** বিষয় সম্পর্কে আলোচনা করো— ৫×১

(ক) দেশি শব্দ

(খ) জোড়কলম শব্দ

(গ) বহুব্রীহি সমাস।

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×১৫

(ক) একটি দন্ত্য ধ্বনির উদাহরণ দাও।

(খ) একটি তালব্য ধ্বনির উদাহরণ দাও।

(গ) 'আস্তাবল' শব্দটি শব্দভাণ্ডারের কোন শ্রেণির অন্তর্ভুক্ত?

(ঘ) 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(ঙ) কলকাতা জেলায় কোন উপভাষা প্রচলিত?

(চ) অভিশ্রুতির একটি উদাহরণ দাও।

(ছ) কামরূপী উপভাষা কোন জেলায় শুনতে পাওয়া যায়?

(জ) মাছ > মাচ এটি ব্যাকরণের কোন রীতিতে পাওয়া যায়?

(ঝ) 'লতা'— কোন জাতীয় লিঙ্গ?

(ঞ) ক্লীবলিঙ্গের একটি উদাহরণ দাও।

(ট) সমাসের ব্যাসবাক্য কাকে বলে?

(ঠ) সন্ধি বিচ্ছেদ করো— বেদান্ত।

(ড) সন্ধি কয়প্রকার?

(ঢ) ঘটমান বর্তমানের একটি উদাহরণ দাও।

(ণ) "মরি, ও কাহার বাছা,"— অব্যয়টির শ্রেণি নির্ণয় করো।